গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কারাগার, সিরাজগঞ্জ।

# দরপত্র বিজ্ঞপ্তি,২ প্রকারের

স্মারক নং- ৭২২/অঃ শাঃ তারিখ- ০৮-০৫-২০১০ খ্রিঃ

১। সংগ্রহকারী সত্তা জেল সুপার, জেলা কারাগার, সিরাজগঞ্জ
২। দরপত্রের নাম ও মেয়াদকাল ঃ (ক)খাদ্যদ্রব্য সরবরাহ, ০১-০১-১০হতে ৩০-৬-১০ (৬ষ্ঠ বার)
(খ)বিবিধ দ্রব্য বিক্রয়, ৩০-৬-২০১০ পর্যন্ত খালি বস্তা, পুরাতন/ব্যবহার্য খালি প্লাষ্টিক ড্রাম, লোহালক্কড়, ভাঙ্গাচোরা প্লাষ্টিক ও অকেজো এলুমিনিয়াম (৩য় বার)
৩। দরপত্রের প্রকৃতি ঃ উন্মুক্ত
৪। টেন্ডার সিকিউরিটি ঃ "ক"-৫০,০০০/- "খ"-৬,০০০/-
৫। দরপত্র দলিল প্রাপ্তি স্থান ঃ জেলা কারাগার, সিরাজগঞ্জ
৬। দরপত্র দলিলের মূল্য ঃ প্রতিটি ২৫০/- টাকা মাত্র (অফেরত যোগ্য)
৭।সরবরাহকারীর যোগ্যতা ঃ দরপত্র দলিলের সাথে সংযুক্ত
৮। দরপত্র দাখিলের স্থান ঃ স্থানীয় কারাগার, ডিসি অফিস ও সদর থানা
৯। সিডিউল বিক্রয়ের সর্বশেষ সময় ঃ ২৪-০৫-১০ তারিখ অফিস চলাকালীন
১০। দরপত্র দাখিলের সময় ঃ ২৫-০৫-১০ তাং সকাল ৯.০০ হতে ১২.০০ টা
১১। দরপত্র খোলার সময় ঃ ২৫-০৫-১০ বেলা ১২.৩০ ঘটিকা

দরপত্র দলিলের সাথে বিস্তারিত শর্তাবলী সংযুক্ত থাকবে। আরো জানার প্রয়োজনে এ দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

জেল সুপার
জেলা কারাগার, সিরাজগঞ্জ।

GD - 2266

---

## Civil Aviation Authority of Bangladesh

Office of the Director, CEMSU, Kurmitola, Dhaka-1229

# Tender Corrigendum Notice

This is to notify that last date of selling tender documents, submission and opening of Tender No. CEMSU/COM-01/2009-2010 for Procurement of Cargo Security Scanning Machine for Cargo Village of Hazrat Shahjalal International Airport will be in the following manner:

i) Last date for selling tender documents: 31.5.2010 instead of 16.5.2010.
ii) Last date and time for submission tender documents: 01.6.2010 at 12.00noon instead of 17.5.2010 at 12.00noon.
iii) Date and time for opening tender: 01.6.2010 at 2.30pm instead of 17.5.2010 at 2.30pm.

The other terms and conditions of tender shall remain unchanged.

Md. Yeakub Ali Patwary
Director
Civil Aviation Authority of Bangladesh
Kurmitola, Dhaka-1229
Tel: 880-2-8911127

CAAB/PR-93/2010/672
Date: 10-5-2010
GD-2272

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-৩ শাখা)

স্মারক নং-৫(৫৮) বোঃপ্রঃ-৩/২০০৯/ তারিখ: ০৬.০৫.২০১০ইং

# যানবাহন ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

১। কাজের নাম ঃ ০৪ (চার)টি কার ও ০৪ (চার)টি মাইক্রোবাস ভাড়া।
২। গাড়ির সংক্ষিপ্ত বিবরণ, গ্রুপ-ক (কার) ঃ ১৩০০ সিসি চালকসহ ন্যূনতম ৫ আসনবিশিষ্ট ০৪ (চার)টি (এসিসহ) ২০০২ সনের মডেলের পূর্ববর্তী কার গ্রহণযোগ্য হবে না।
গ্রুপ-খ (মাইক্রোবাস) ঃ ১৮০০ সিসি চালকসহ ন্যূনতম ১২ আসনবিশিষ্ট ০৪ (চার)টি (এসিসহ) ২০০২ সনের মডেলের পূর্ববর্তী মাইক্রোবাস গ্রহণযোগ্য হবে না।
৩। কার্যকাল ঃ সিডিউলে বর্ণিত শর্ত মোতাবেক।
৪। দরদাতার যোগ্যতা ঃ নিজের/প্রতিষ্ঠানের নামে গাড়ির মালিকানা সম্পর্কিত কাগজপত্র আবশ্যই থাকতে হবে।
৫। দরদাতার অভিজ্ঞতা ঃ সরকারি/বে-সরকারি সংস্থা/স্বায়ত্তশাসিত সংস্থায় গাড়ি ভাড়া প্রদানের ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬। দরপত্র সিডিউলের মূল্য ঃ ৫০০/-(পাঁচশত টাকা) মাত্র অফেরতযোগ্য।
৭। দরপত্র সিডিউল বিক্রয় পদ্ধতি ঃ দরপত্রে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাদের নিজস্ব প্যাডে নিম্নলিখিত দলিলপত্রাদিসহ দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা বরাবর লিখিতভাবে আবেদন করতে হবেঃ
(ক) হালনাগাদ নবায়নকৃত গাড়ি ভাড়া প্রদান/সরবরাহ সম্পর্কিত ট্রেড লাইসেন্সের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
(খ) ট্যাক্স/ভ্যাট পরিশোধের হালনাগাদ সনদপত্র গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
(গ) সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় গাড়ি ভাড়া প্রদানের ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা সনদপত্রের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
(ঘ) সরবরাহযোগ্য যানবাহনের রেজিষ্ট্রেশন ও ব্লু বুক এর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি।
(ঙ) আবেদন বিবেচিত হলে কেবলমাত্র দরপত্র সিডিউল বিক্রয় করা হবে।
৮। টেন্ডার সিডিউরিটি ঃ দরদাতা কর্তৃক কার/মাইক্রোবাসের জন্য বায়নার অর্থ বাবদ ৩০,০০০/- টাকা দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকার অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।
৯। দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় ঃ ১২.০৫.২০১০ইং হতে ২০.০৫.২০১০ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত।
১০। দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান ঃ দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), রুম নং-৪২৪, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
১১। দরপত্র দাখিলের তারিখ ও সময় ঃ ২৩.০৫.২০১০ইং, ০২.০০টা পর্যন্ত।
১২। দরপত্র দাখিলের স্থান ঃ দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), রুম নং-৪০১, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
১৩। দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান ঃ ২৩.০৫.২০১০ইং বিকাল ০৩.০০টা। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), রুম নং-৪০১, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
১৪। দরপত্র সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাবলী দরপত্র সিডিউলে বর্ণিত আছে।
১৫। কোনরকম দায়-দায়িত্ব গ্রহণ অথবা কারণ প্রদর্শন ছাড়াই টেন্ডার কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

মোঃ আবু বকর সিদ্দিক
দ্বিতীয় সচিব
ফোন-৯৩৫৪৩২৪

জিডি-২২৮৪

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং প্রাশিঅ/নিয়োগ/০৫/মুক্তি:/২০১০/১৯৩৩ তারিখ: ২৬ বৈশাখ ১৪১৭ / ০৯ মে ২০১০

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের 'সহকারী শিক্ষক' ('রাজস্ব' ও 'পিইডিপি ২-এর আওতায় রাজস্ব খাতে সৃষ্ট')-এর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত বেতনস্কেলে নিয়োগের জন্য পার্বত্য তিন জেলা (রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান) ব্যতীত শুধুমাত্র বাংলাদেশের নাগরিক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের নিকট থেকে সংযুক্ত আবেদনপত্রের নমুনা ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | বেতনক্রম | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| সহকারী শিক্ষক | ক) প্রশিক্ষণপ্রাপ্ত<br>বেতন স্কেল: টাকা ৪৯০০-২৯০X৭-৬৯৩০-ইবি-৩২০X১১-১০৪৫০ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী)<br><br>খ) প্রশিক্ষণবিহীন<br>বেতন স্কেলঃ টাকা ৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী) | ১৮ থেকে ৩২ বৎসর | পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেট-ইন-এডুকেশন বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষাসমূহের যে কোন একটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>মহিলা প্রার্থীদের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২। দরখাস্তকারী যে উপজেলা/থানার স্থায়ী বাসিন্দা তাঁর প্রার্থিতা উক্ত উপজেলা/থানার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

৩। থানা/উপজেলাভিত্তিক শূন্যপদের বিপরীতে মেধাক্রমানুসারে (উপজেলা/থানাওয়ারী) যথাক্রমে 'রাজস্ব' ও 'পিইডিপি ২এর আওতায় রাজস্ব খাতে সৃষ্ট' সহকারী শিক্ষকের মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত শূন্যপদসমূহে নিয়োগের নিমিত্ত চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করে উক্ত ক্রমানুসারে আলাদা আলাদাভাবে নিয়োগদানের ব্যবস্থা নেয়া হবে।

৪। বিবাহিতা প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানা উল্লেখ করে দরখাস্ত করতে পারবেন। তবে এ দু'টি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন তাঁর প্রার্থিতা সেই উপজেলা/থানার কোটায় বিবেচিত হবে।

৫। দরখাস্তকারীকে সংযুক্ত দরখাস্ত ও প্রবেশপত্রের নমুনা ফরম প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dpe.gov.bd থেকে ডাউনলোড করে অথবা A4 সাইজের কাগজে একইভাবে কম্পিউটার কম্পোজ করে সংশ্লিষ্ট জেলার "জেলা প্রাথমিক শিক্ষা অফিসার" বরাবর ২ (দুই) কপি দরখাস্ত ও ১ (এক) কপি প্রবেশপত্র (মূল ও ডুপ্লিকেট অংশ) স্বহস্তে পূরণ করে সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর সরকারি ডাকযোগে আগামী ১০ জুন ২০১০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। কুরিয়ার সার্ভিস/সরাসরি (হাতে-হাতে) কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। একটি খামে একটি মাত্র আবেদনপত্র (মূল ও ডুপ্লিকেট কপি) জমা দিতে হবে। এক খামে একাধিক ব্যক্তির আবেদনপত্র পাওয়া গেলে খামের ভিতরের সকল আবেদনপত্রই সরাসরি বাতিল বলে গণ্য হবে। একাধিক ব্যক্তির আবেদনপত্র বা আবেদন সংবলিত খাম একসঙ্গে স্টিচ করে বা বেঁধে জমা দেয়া যাবে না।

৭। দু'টি দরখাস্তের একটির শীর্ষে 'মূল কপি' এবং অপরটির শীর্ষে 'ডুপ্লিকেট কপি' লাল কালিতে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৮। চাকুরীরত প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। দরখাস্তের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৯। কোনো প্রার্থী সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিস ব্যতীত অন্য কোন অফিসে দরখাস্ত প্রেরণ করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। প্রার্থীকে খামের উপর উপজেলা/থানার নাম ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের **বিশেষ কোটার** নাম উল্লেখ করতে হবে। এছাড়াও দরখাস্তে উল্লিখিত বিশেষ কোটার ঘরে বিশেষ কোটা উল্লেখ করতে হবে।

১১। প্রার্থিকে পরীক্ষার ফিস বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালান মূলে কোড নং ১-২৪৩১-০০০০-২০৩১-তে জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের মূলকপির সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে।

১২। ১০ জুন ২০১০ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

১৩। নির্ধারিত দরখাস্ত ফরম ও প্রবেশপত্র প্রার্থীকে অবশ্যই স্বহস্তে পূরণ করতে হবে। টাইপকৃত, কম্পিউটারে মুদ্রিত বা অন্য কোনভাবে লিখিত এবং অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা যাবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। মূল দরখাস্তের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে:
(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ৪ (চার) কপি রঙ্গিন ছবি (অভিন্ন)। মূল ও ডুপ্লিকেট আবেদনপত্রে ১টি করে এবং প্রবেশপত্রের উভয় অংশে ১টি করে মোট ৪ (চার)টি ছবিই আঠা দিয়ে লাগাতে হবে। এছাড়াও ভবিষ্যতে প্রয়োজনে অভিন্ন ছবি সংরক্ষণ করতে হবে;
(খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান (মেয়র)/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার (কাউন্সিলর) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সংক্রান্ত সনদপত্র;
(ঘ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/২ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক প্রার্থীর পিতা/মাতার নামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

অথবা

মুক্তিযোদ্ধা সনদ হিসেবে প্রার্থীর পিতা/মাতার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই একই মন্ত্রণালয়ের মূল/সাময়িক সনদ মৌখিক পরীক্ষা কমিটির নিকট উপস্থাপন করতে হবে অন্যথায় উল্লিখিত কোটায় সংশ্লিষ্ট প্রার্থীকে গণ্য করা হবে না।

(ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক/সম্বন্ধ উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান (মেয়র)/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের (কাউন্সিলর) প্রত্যয়নপত্র;
(চ) এতিম (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) প্রতিবন্ধী (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) পোষ্য (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক সদ্য (১০ মে ২০১০ তারিখের আগে স্বাক্ষরিত নয়) প্রদত্ত পোষ্য সনদপত্র;
(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঞ) উপজাতি (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

১৫। প্রার্থীকে সংযুক্ত দরখাস্ত ও প্রবেশপত্রের নমুনা ফরম প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dpe.gov.bd থেকে ডাউনলোড করে অথবা A4 সাইজের কাগজে একইভাবে কম্পিউটার কম্পোজ করে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে।

১৬। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের সংশ্লিষ্ট জেলায় নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুমতি দেয়া হবে। সেজন্য যথাসময়ে প্রবেশপত্র ইস্যু করা হবে। তবে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ-ডিএ প্রদান করা হবে না। দরখাস্তের সঙ্গে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরতযোগ্য নয়।

১৭। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ বিধিমালা ১৯৯১'-এ বর্ণিত নিয়মানুযায়ী মেধা ও কোটা অনুসারে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তানদের নিয়োগ দেয়া হবে। সে অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে যে উপজেলা/থানায় নিয়োগ দেয়া হবে তাঁকে আবশ্যিকভাবে সে উপজেলা/থানায় চাকুরী করতে হবে।

১৮। 'পোষ্য' অর্থ কোন পদে নিয়োজিত আছেন বা ছিলেন এমন মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকলে বা চাকুরীতে থাকলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকতেন এবং উক্ত শিক্ষকের তালাকপ্রাপ্তা বা বিধবা স্ত্রী বা বিপত্নীক স্বামী (যেক্ষেত্রে যেটি প্রযোজ্য) যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন বা ক্ষেত্রমত তিনি জীবিত থাকলে অনুরূপভাবে নির্ভরশীল থাকতেন। মৌখিক পরীক্ষার সময় পোষ্য প্রার্থীদেরকে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ অর্থাৎ **১০ জুন ২০১০** তারিখ পর্যন্ত তিনি পোষ্য ছিলেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। উল্লিখিত সনদ দাখিল করতে কোন প্রার্থী ব্যর্থ হলে তিনি পোষ্য কোটার পরিবর্তে সাধারণ কোটায় গণ্য হবেন।

১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

শ্যামল কান্তি ঘোষ
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

অফিস কর্তৃক পূরণীয়
রোল নম্বর............

এখানে এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

## 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০১০'-এর আবেদন ফরম

## (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য)

(প্রার্থী স্বহস্তে পূরণ করবেন)

বরাবর: জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ............................জেলা

(১) পদের নাম..........................................................
(২) প্রার্থীর পূর্ণ নাম (এসএসসি সনদ অনুযায়ী):
(ক) বাংলায়..........................................................
(খ) ইংরেজিতে (বড় অক্ষরে): ..........................................
(৩) পিতা/স্বামীর নাম: ..............................................
(৪) মাতার নাম: ....................................................
(৫) প্রার্থীর স্থায়ী ঠিকানা গ্রাম/মহল্লা..........................ডাকঘর..........................
উপজেলা/থানা..........................জেলা..........................
(৬) পত্র যোগাযোগের ঠিকানা: ..........................................
..........................................................
(৭) জন্ম তারিখ (এসএসসি সনদ অনুযায়ী):..........................................
(৮) বয়স (১০ জুন ২০১০ তারিখে): ................বৎসর..................মাস............দিন
(৯) মহিলা/পুরুষ (লিখুন): ..........................................
(১০) বৈবাহিক অবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে ' ✓' চিহ্ন দিন) বিবাহিত/অবিবাহিত/বিধবা/তালাকপ্রাপ্ত/বিপত্নীক
(১১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের বিশেষ কোটা (লিখুন): ..........................
(১২) প্রার্থী পোষ্য (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) হলে–
(ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যে শিক্ষকের পোষ্য তাঁর নাম: ..........................
(খ) উক্ত শিক্ষকের সর্বশেষ কর্মস্থল: ..........................
(গ) প্রার্থীর সঙ্গে উক্ত শিক্ষকের সম্পর্ক/সম্বন্ধ: ..........................
(১৩) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের পিতা/মাতার তথ্য:
(ক) মুক্তিযোদ্ধার নাম..........................................
(খ) মুক্তিযোদ্ধার পূর্ণ ঠিকানা..........................................
..........................................................
(১৪) শিক্ষাগত যোগ্যতা (এসএসসি ও তৎপরবর্তী প্রযোজ্য সকল পরীক্ষা পাস সংক্রান্ত):

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিভাগ/জিপিএ | পাসের বছর | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |

(১৫) শিক্ষকতায় অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে): ..........................................
(১৬) প্রশিক্ষণের নাম ও বিবরণ (যদি থাকে): ..........................................
(১৭) ট্রেজারি চালান নং..........................................তারিখ: ..........................
ব্যাংকের নাম ও ঠিকানা:..........................................

এতদ্বারা আমি শপথপূর্বক ঘোষণা করছি যে, আমার নিজ হাতে লিখিত এ আবেদনপত্রের সকল বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

প্রার্থীর স্বাক্ষর: ..........................................
প্রার্থীর পূর্ণ নাম: ..........................................
তারিখ : ..........................................

আবেদনপত্রের সাথে প্রেরিত কাগজপত্রাদির বিবরণ:

জেলা প্রাথমিক শিক্ষা অফিস
জেলা......................

এখানে এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

## প্রবেশপত্র (মূল)

'সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০১০'-এর নির্বাচনী পরীক্ষা
(মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য)

(অফিস কর্তৃক পূরণীয়)

১. পদের নাম: সহকারী শিক্ষক রোল নম্বর..........................
২. (ক) পরীক্ষার তারিখ...................... .....সময়: ..........................
(খ) কেন্দ্র: ..........................................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

৩. (ক) প্রার্থীর নাম:..........................................
(খ) পিতার/স্বামীর নাম: ..........................................
৪. প্রার্থীর যোগাযোগের ঠিকানা: গ্রাম/মহল্লা:..........................
ডাকঘর:...................... পোস্ট কোড:..........................
উপজেলা/থানা:..................জেলা..........................
৫. প্রার্থীর স্থায়ী উপজেলা/থানার নাম: ..........................................

.................................. আবেদনকারীর স্বাক্ষর
.......................................... জেলা পরীক্ষা পরিচালনা কমিটির পক্ষে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও সীল

বি: দ্র: প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ-ডিএ প্রদান করা হবে না। পরীক্ষা প্রদানের নির্দেশাবলী সংযুক্ত করা হলো। প্রার্থীকে অবশ্যই নির্দেশাবলী পড়তে হবে।

✂------------------------------------------------------------

জেলা প্রাথমিক শিক্ষা অফিস
জেলা......................

এখানে এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

## প্রবেশপত্র (ডুপ্লিকেট)

'সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০১০'-এর নির্বাচনী পরীক্ষা
(মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য)

(অফিস কর্তৃক পূরণীয়)

১. পদের নাম: সহকারী শিক্ষক রোল নম্বর..........................
২. (ক) পরীক্ষার তারিখ...................... ..........সময়: ..........................
(খ) কেন্দ্র: ..........................................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

৩. (ক) প্রার্থীর নাম:..........................................
(খ) পিতার/স্বামীর নাম: ..........................................
৪. প্রার্থীর যোগাযোগের ঠিকানা: গ্রাম/মহল্লা:..........................
ডাকঘর:.................... পোস্ট কোড:..........................
উপজেলা/থানা:......................জেলা..........................
৫. প্রার্থীর স্থায়ী উপজেলা/থানার নাম: ..........................................

.................................. আবেদনকারীর স্বাক্ষর
.......................................... জেলা পরীক্ষা পরিচালনা কমিটির পক্ষে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও সীল

বি: দ্র: প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ-ডিএ প্রদান করা হবে না। পরীক্ষা প্রদানের নির্দেশাবলী সংযুক্ত করা হলো। প্রার্থীকে অবশ্যই নির্দেশাবলী পড়তে হবে।

জিডি-২২৪৩